

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
নারায়ণগঞ্জ।

www.dls.narayanganj.gov.bd

স্মারক নং-৩৩.০১.৬৭০০.০০০.০০৩(ত-৩).২০.২২-৬৫৮

তারিখঃ- ৩১/০৭/২০২২ খ্রিঃ।


বিষয়ঃ- চলতি ২০২২-২০২৩ ইং অর্থ বছরের কোড নং- ১৪৪০৪০৪- এ উপজেলা প্রাণিসম্পদ কার্যালয় সমূহে বিভিন্ন উপকোডে বাজেট বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ- প্রাণিসম্পদ অধিদপ্তর স্মারক নং- ৩৩.০১.০০০০.১০২.২০.০০২.১৮-৩৬৪ তারিখঃ- ২৮/০৭/২০২২ ইং।

এতদসঙ্গে সংযুক্ত বিবরণীতে বর্ণিত দপ্তর সমূহে চলতি ২০২২-২০২৩ ইং সনের কোড নং-১৪৪০৪০৪- এর নিম্নলিখিত শর্তসাপেক্ষে বিভিন্ন উপকোডে বাজেট বরাদ্দ প্রদান করা হলো।


শর্তাবলী :

- (ক) প্রতি মাসের খরচের ও আয়ের হিসাব (বি-স্টেটমেন্ট) অধিদপ্তরের ১৭/০২/২০২০ ইং তারিখের ৩৩.০১.০০০০.১০২.২০.০০২.১৮-৪৫৬ সংখ্যক পত্রের নির্দেশনা অনুযায়ী অত্র দপ্তরে দাখিল করতে হবে।
- (খ) এ অর্থ ব্যয়ে সরকারী সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। আর্থিক বিধির কোন ব্যত্যয় ঘটলে বা কোন অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন।
- (গ) শ্রান্তিবিনোদন ভাতা উপখাতে ছুটি প্রাপ্যতার তালিকা অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে পরিশোধ করতে হবে।
- (ঘ) করোনা মহামারী কারণে সকল প্রকার ব্যয়ে সর্বোচ্চ কৃচ্ছতা সাধন করতে হবে।
- (ঙ) ইউলিটি বিল সমূহ (পৌরকর, ভূমিকর, বিদ্যুৎ, টেলিফোন, পানি, গ্যাস ও জ্বালানী) সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে সমৃদয় বকেয়াসহ পরিশোধ করতে হবে। কোন অবস্থাতেই বকেয়া রাখা যাবে না। বিল পাওয়া না গেলে ব্যক্তিগত উদ্যোগে বিল সংগ্রহ পূর্বক পরিশোধ করতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে একটি বকেয়া নাই মর্মে প্রত্যয়ন সংগ্রহ করতঃ অত্র দপ্তরে প্রেরণ করতে হবে। ইউলিটি বিল বকেয়া থাকলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন।
- (চ) ৩২১১১১০-আইন সংক্রান্ত ব্যয় উপকোডের বরাদ্দ হতে জমি সংক্রান্ত মামলা এবং মোবাইল কোর্ট পরিচালনার জন্য ব্যয় করতে হবে।
- (ছ) অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শুধুমাত্র জরুরী ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় ৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়, ৩২৩১৩০১-প্রশিক্ষণ, ৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়, ৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি, ৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক, ৪১১২৩১৪-আসবাবপত্র খাতে ২৫% বরাদ্দ কর্তন/স্থগিত রেখে অবশিষ্ট বরাদ্দ প্রদান করা হয়েছে। কাজেই পুনরায় বরাদ্দ কর্তনের প্রয়োজন নেই।
- (জ) প্রদত্ত বরাদ্দ হতে কোন অবস্থায়ই বকেয়া বেতন-ভাতা পরিশোধ করা যাবে না। বেতন-ভাতা বকেয়া থাকলে তার জন্য অধিদপ্তর থেকে আলাদা বরাদ্দ নিয়ে পরিশোধ করতে হবে।
- (ঝ) অব্যয়িত/সমর্পনযোগ্য অর্থ ২৫/০৫/২০২৩ ইং তারিখের মধ্যে সমর্পন করতে হবে।


31/07/22

(বাসনা আখতার)

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
নারায়ণগঞ্জ।



মোবাইল : ০১৯৮৩-১২২৬২৫।


E-mail- dlonganj08@gmail.com

তারিখঃ- ৩১/০৭/২০২২ খ্রিঃ।

স্মারক নং-৩৩.০১.৬৭০০.০০০.০০৩(ত-৩).২০.২২-৬৫৮(১৩)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১-৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বন্দর/রূপগঞ্জ/আড়াইহাজার/সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৫-৯। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদর/বন্দর/রূপগঞ্জ/আড়াইহাজার/সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ।
- ১১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ১২। মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। iBAS ++ -এ এন্ট্রি করার জন্য অনুরোধ করা হলো।
- ১৩। অফিস কপি।


31/07/22

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
নারায়ণগঞ্জ।

